

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ৫- ৭০

তারিখ: ২১ চৈত্র ১৪৩০
০৪ এপ্রিল ২০২৪

বিষয়: এপ্রিল - জুন ২০২৪ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

General Condition (সাধারণ অবস্থা):

১. গত এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ ২০২৪ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +০.৩, -১৭.৭, +০.২, -৪.৩, -১২.৭, -১৩.৬, -৬.৮, -৮.৬, -২.৪ ও +৩.৭, -১২.৬, -০.৩ (Bureau of Meteorology, Australia)।

২. মার্চ ২০২৪ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক (-০৮%) বৃষ্টিপাত হয়েছে। তবে ঢাকা, ময়মনসিংহ ও রংপুর বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি, চট্টগ্রাম, রাজশাহী খুলনা ও বরিশাল বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম এবং সিলেট বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববাহী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ২-৩, ১৪-১৬ ও ১৮-৩১ মার্চ ২০২৪ সময়ে দেশের অনেক স্থানে হালকা থেকে ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয় সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরনের কালবৈশাখি ঝড় বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৮৯ মি.মি. সিলেট রেকর্ড (৩১ মার্চ ২০২৪) করা হয়। এ সময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.২° সে. রাজশাহী (৩১ মার্চ ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ৩° সে. ও ৪° সে. কম ছিল এবং গড় তাপমাত্রা ৩°সে. কম ছিল। তাপ প্রবাহ এবং কৃষি আবহাওয়া মার্চ ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক এপ্রিল - জুন ২০২৪ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	এপ্রিল ২০২৪ খ্রি		মে ২০২৪ খ্রি		জুন ২০২৪ খ্রি		এপ্রিল ২০২৪ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	১৪৪	১৩০-১৬৫	২৯২	২৭৫-৩০৫	৩৬১	৩৪০-৩৭৫	২০-৩০
ময়মনসিংহ	১৫২	১৩৫-১৭৫	৩৮০	৩৬০-৪০০	৪৬১	৪৪০-৪৭০	২৫-৩৫
চট্টগ্রাম	১৪৩	১৩০-১৬৫	৩১০	২৯৫-৩২৫	৫৮৯	৫৮০-৬২০	২০-৩০
সিলেট	২৯৬	২৬৫-৩৪০	৫১০	৪৮৫-৫৩৫	৬৩৪	৬২০-৬৪০	২৫-৩৫
রাজশাহী	৮২	৭৫-৯৫	১৯৬	১৮৫-২০৫	৩০০	২৯০-৩২০	২০-৩০
রংপুর	৯৪	৮৫-১১০	২৬১	২৫০-২৭৫	৪২৯	৪১০-৪৪০	২০-৩০
খুলনা	৭৬	৬৫-৯০	১৭৫	১৬৫-১৮৫	২৯৩	২৮০-৩২০	২০-৩০
বরিশাল	১৩২	১২০-১৫০	২৬০	২৪৫-২৭৫	৪৮৩	৪৬০-৫১০	২০-৩০

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

২. বজ্রোপসাগরে ৩-৪ লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।

৩. দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা কিছুটা বেশি থাকতে পারে।

৫. দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৬-৮ দিন হালকা/মাঝারি এবং ৩-৫ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

৬. দেশে ৬-৮ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ৩-৪ টি তীব্র (৪০-৪১.৯°সে.) থেকে অতি তীব্র (>৪২°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, mp.office.savara@gmail.com

২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secv@cabinet.gov.bd

৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecv@pmo.gov.bd

৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd

৫. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd

৬. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secv@mincom.gov.bd

৭. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd

৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd

৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd

১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd

১১. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, secretary@ecs.gov.bd

(ড. মোঃ হাদেদুল আলম)
উপপরিচালক (চলতি দায়িত্ব)
পরিচালক ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ
কমিটির পক্ষে